

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৪৮১

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৬. ফজরের দু'রাকা'আত (সুন্নাত) এর ক্বিরাআত

بَابُ الْقِرَاءَةِ فِي رَكْعَتَيِ الْفَجْرِ

আরবী

حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ عَنْ حَفْصَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَكَتَ الْمُؤَذِّنُ مِنْ أَذَانِ الصُّبْحِ وَبَدَأَ الصُّبْحُ صَلَّى رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ قَبْلَ أَنْ تُقَامَ الصَّلَاةُ

বাংলা

১৪৮১. হাফসা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, মুআয্বিন যখন ভোরের আযান (শেষে) থেমে যেতো এবং সুবহে সাদিক (ভোর) শুরু হতো, তখন সালাত (-এর জামা'আত) দাঁড়ানোর আগে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংক্ষেপে দু'রাকাতাত সালাত আদায় করে নিতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মালিক, মু'আত্তা, কিতাবুস সালাতুল লাইল ২৯; বুখারী ৬১৮; মুসলিম ৭২৩।

পূর্ণ তাখরীজের জন্য আগের টীকাটি দেখুন।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৪৩৫ তে।

আমি বলি জামা'আতের পূর্বে সুন্নাতের ব্যাপারে অনেকগুলি হাদীস বর্ণিত হয়েছে: এর মধ্যে রয়েছে, আবী হুরাইরা, আলী, ইবনু আব্বাস, ইবনু মাসউদ, সাফিয়্যাহ- এঁদের থেকে বর্ণিত সকল হাদীস যযীফ যা শারঈ হুকুমের দলীল হওয়ার উপযুক্ত নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হাফসাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81764>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন